—০১—

ঢাকা ওয়াসা

০১। ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
০২। পিপিআর-২০২৫ এর প্রাসঙ্গিক বিধির অনুলিপি।
০৩। ঢাকা ওয়াসার আর্থিক ক্ষমতা অর্পণ (Sub-Delegation of Financial Power) সংক্রান্ত অফিস আদেশ।
০৪। ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগের অনুলিপি।
০৫। আলোচ্য স্থানের আলোকচিত্র।
০৬। প্রাক্কলন।

বিষয়ঃ Repairing Of HDPE Water Line Leakage of House#31, Kamara area under MODS Zone-9 (DMA-901) Dhaka WASA.কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

০১। উর্পযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মড্স জোন-৯ এর আওতাধীন DMA-901 এলাকার বাসা নং-৩১ কামারপাড়া এর সম্মুখে বিদ্যমান ১৬০ মি.মি. ব্যাসের পানি সরবরাহ লাইনে হেভি লিকেজ সৃষ্টি হয়েছে (সংযুক্তি-০২)। ফলশ্রুতিতে উক্ত লাইন হতে বিপুল পরিমাণ সুপেয় পানির অপচয় হচ্ছে। পানি অপচয় সাময়িকভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশিষ্ট সুইচ ভাল্ভসমূহ বন্ধ রাখা হয়েছে। তবে, এর ফলে উক্ত এলাকায় পানি সরবরাহ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এছাড়াও, লিকেজের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় রাস্তাঘাট প্লাবিত হয়ে জনসাধারণ ও যানবাহনের স্বাভাবিক চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে এলাকাবাসী ১৬১৬২, দূরালোপনে ও সশরিরে অফিসে উপস্থিত হয়ে একাধিক অভিযোগ দাখিল করেছেন (সংযুক্তি-০৪)। লিকেজসমূহ দ্রুত মেরামত করা না হলে ঢাকা ওয়াসার Non-Revenue Water (NRW)-এর পরিমাণ বৃদ্ধি পাবে এবং মূল্যবান সুপেয় পানির অপচয় অব্যাহত থাকবে। পানি অপচয় রোধ, স্বাভাবিক পানি সরবরাহ পুনঃস্থাপন এবং জনদুর্ভোগ নিরসনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে লিকেজসমূহ মেরামত করা একান্ত প্রয়োজন। এ উদ্দেশ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, গনপূর্ত রেট সিডিউল-২০২২ এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার প্রাক্কলিত টাকার পরিমান সর্বমোট ৪৮,২৫৭.২৪/-(**আটচল্লিশ হাজার দুইশত সাতান্ন দশমিক দুই চার টাকা মাত্র**) টাকা। আলোচ্য কাজের ব্যয়ভার মড্স জোন-৯ এর ২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার Water Line maintenance খাতের খাতের ক্রমিক নং- G1(93) হতে নির্বাহ করা যেতে পারে (ক্রমিক নং-০১)।

০২। এমতাবস্থায়, **Repairing Of HDPE Water Line Leakage of House#31, Kamara area under MODS Zone-9 (DMA-901) Dhaka WASA.**কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের লক্ষ্যে ৪৮,২৫৭.২৪/-(আটচল্লিশ হাজার দুইশত সাতান্ন দশমিক দুই চার টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি মোতাবেক ডিপিএম পদ্ধতিতে আয়াত এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে এবং যা ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক অনুমোদিত Sub-Delegation of Financial Power অনুযায়ী প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনযোগ্য আর্থিক ক্ষমতার আওতাধীন (ক্রমিক নং-০৩)।

27-8-26
জহিরুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৯
ঢাকা ওয়াসা

SDE
29/8/26
মোঃ দেলোয়ার হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মড্স জোন-৯
ঢাকা ওয়াসা

EE
30/08/2026
জুনায়েদ আবু ইয়াসীর
নির্বাহী প্রকৌশলী
মড্স জোন-৯, ঢাকা ওয়াসা

SE MODS Cir-2

৩০/০৮/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

30.08.2026
CE
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SE MODS-2